দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 29 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কারিগরি শিক্ষা অধিদপ্তর**
এফ-৪/বি, আগারগাঁও, শেরে-বাংলা-নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

## সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজসমূহে

# ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট (কুমিল্লা), ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (বগুড়া) এবং সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য অন-লাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

২.০ সময়সূচি ঃ

| অন-লাইনে আবেদনের সময়সীমা (ফরম পূরণের ন্যূনতম ২৪ ঘন্টা পূর্বে টাকা জমা দিতে হবে) (১ম ও ২য় শিফট) | ফলাফল প্রকাশ (SMS-এর মাধ্যমে ও ওয়েবসাইটে) (১ম ও ২য় শিফট) | ভর্তির সময়সীমা | | ক্লাস শুরুর তারিখ (১ম ও ২য় শিফট) |
|---|---|---|---|---|
| | | মূল মেধা তালিকা হতে (১ম ও ২য় শিফট) | অপেক্ষমান (মেধাক্রম) তালিকা হতে (আসন শূন্য থাকা সাপেক্ষে) (১ম ও ২য় শিফট) | |
| ৩০/০৫/২০১৬ হতে ১২/০৬/২০১৬ (রাত ১১ : ৫৯ ঘটিকা পর্যন্ত) | ১৮/০৬/২০১৬ | ১৯/০৬/২০১৬ হতে ২২/০৬/২০১৬ (রাত ১১ : ৫৯ ঘটিকা পর্যন্ত) | ২৫/০৬/২০১৬ হতে ২৫/০৭/২০১৬ | ১৬/০৮/২০১৬ |

৩.০ টেকনোলজিভিত্তিক আসন সংখ্যা ঃ

সিভিল-৭৪৪০, কম্পিউটার-৯৯৬০, ইলেকট্রিক্যাল-৯৬৬০, আর্কিটেকচার-৪৮০, মেকানিক্যাল-৫১৬০, কেমিক্যাল-২৪০, অটোমোবাইল-৪৮০, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং-৩২৪০, এনভায়রনমেন্টাল-১৩২০, ইলেকট্রনিক্স-৬২৪০, ফুড-২১৬০, ইনস্ট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল-৪৮০, ইলেক্ট্রোমেডিকাল-১৩২০, মেকাট্রনিক্স-৭২০, পাওয়ার-৩৪৮০, কনস্ট্রাকশন -৮৪০, টেলিকমিউনিকেশন-৬০০, আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন-১৫৬০, মাইনিং এন্ড মাইন সার্ভে-১২০, গ্রাফিক ডিজাইন-২৪০, প্রিন্টিং-১২০, সিরামিক-৩৬০, গ্লাস-১২০, সিভিল (উড)-১২০, গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ন মেকিং-১২০, কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি-১২০, ডাটা টেলিকমিনিকেশন এন্ড নেটওয়ার্কিং-১২০, সার্ভেয়িং-২৪০, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট-৭২০।

সর্বমোট=৫৭,৭৮০ জন

প্রতিষ্ঠান, টেকনোলজি এবং শিফটভিত্তিক আসন সংখ্যার বিস্তারিত বিবরণ কারিগরি শিক্ষা অধিদপ্তর (www.techedu.gov.bd), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (www.bteb.gov.bd) এবং শিক্ষা মন্ত্রণালয়ের (www.moedu.gov.bd) ওয়েবসাইটে জানা যাবে।

৪.০ ভর্তির যোগ্যতাঃ

৪.১ ভর্তির জন্য ২০১৪, ২০১৫, ২০১৬ সালে পাশকৃত এস.এস.সি./সমমান পরীক্ষায় সাধারণ গণিত বা উচ্চতর গণিতে কমপক্ষে জি.পি. ৩.০০ সহ ন্যূনতম ৩.৫০ জি.পি.এ. প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে।

৪.২ এস.এস.সি.সহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স পাস প্রার্থীরাও আবেদন করতে পারবে। তবে আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ্ব ২২ বছর হতে হবে।

৫.০ আবেদনের পদ্ধতি ও নিয়মাবলী ঃ

৫.১ ভর্তিচ্ছু প্রার্থীকে অন-লাইনে ১ম ও ২য় শিফটের যে কোন এক শিফটের জন্য আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) অথবা উভয় শিফটে আবেদনের জন্য আবেদন ফি বাবদ ৩০০/ (তিনশত টাকা) প্রথমে টেলিটক প্রি-পেইড মোবাইলের মাধ্যমে 16222 নম্বরে SMS করে জমা দিতে হবে। অতঃপর www.techedu.gov.bd অথবা www.moedu.gov.bd অথবা www.bteb.gov.bd অথবা www.nsdc.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদন ফরম (Application form) যথাযথভাবে পূরণ করতে হবে।

৫.২ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এস.এস.সি. উত্তীর্ণ আবেদনকারীদের নম্বরপত্রের সত্যায়িত কপি ও পাসপোর্ট সাইজের ২কপি সত্যায়িত রঙিন ছবিসহ নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ১২/০৬/২০১৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিচতলায় অবস্থিত সেবা কেন্দ্রে সরাসরি অথবা ডাকযোগে পৌছানো নিশ্চিত করতে হবে। ফরমটি কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.techedu.gov.bd) থেকে সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

৫.৩ সংরক্ষিত কোটার আবেদনকারীগণ অন-লাইনে আবেদন করার পরে আবেদনের প্রিন্ট কপি ও অনুচ্ছেদ ১০.৩ এ বর্ণিত সকল কাগজপত্র আগামী ১২/০৬/২০১৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিচতলায় অবস্থিত সেবা কেন্দ্রে সরাসরি অথবা ডাকযোগে পৌছানো নিশ্চিত করতে হবে। অন্যথায় নির্ধারিত কোটা বিবেচ্য হবে না।

৫.৪ ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি শিক্ষা মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, মৎস ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রনালয়, ভূমি মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড, ন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট কাউন্সিল (NSDC), বিএমইটি (BMET), এফবিসিসিআই (FBCCI), বিজিএমইএ (BGMEA), বিকেএমইএ (BKMEA) সহ সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজ এর ওয়েবসাইট এ পাওয়া যাবে।

৬.০ ফি জমা দেয়ার পদ্ধতি ঃ

৬.১ টেলিটকের Prepaid মোবাইল ফোনের মাধ্যমে ম্যাসেজ অপশনে গিয়ে DTE লিখে, স্পেস দিয়ে শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এস.এস.সি. পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এস.এস.সি. পাসের সন লিখে স্পেস দিয়ে এস.এস.সি.'র রেজিস্ট্রেশন নম্বর লিখে স্পেস দিয়ে ভর্তির শিফটের নির্ধারক অক্ষর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

উদাহরণ ঃ DTE<Space>XXX<Space>YYYYYY<Space>ZZZZ<Space>RRRRRR<Space>S এখানে, XXX এর স্থলে আবেদনকারী যে শিক্ষা বোর্ড থেকে এস.এস.সি. পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, সে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর [যেমন, ঢাকা বোর্ডের বেলায় (DHA), সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD), কারিগরি (BTE)], YYYYYY এর স্থলে আবেদনকারীর এস.এস.সি. পাসের রোল নম্বর ও ZZZZ এর স্থলে এস.এস.সি. পাসের সন, RRRRRR এর স্থলে এস.এস.সি.'র রেজিস্ট্রেশন নম্বর এবং S-এর স্থলে ১ম শিফট (A), ২য় শিফট (B), উভয় শিফট (C) হবে।

৬.২ SMS-প্রেরণকারী আবেদনের যোগ্য হলে প্রার্থীর নাম, পিতার নাম, শিফট, একটি PIN নম্বর এবং পরীক্ষার ফি হিসেবে এক শিফটের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) / উভয় শিফটের জন্য ৩০০/= (তিনশত) টাকা কেটে রাখার সম্মতি চেয়ে ফিরতি SMS দেয়া হবে। ফিরতি SMS মনোযোগের সাথে দেখে নিয়ে তথ্যাদি সঠিক থাকলে সম্মতি দিতে হবে। সম্মতি দেয়ার জন্য DTE<Space>YES<Space>PIN<Space> যোগাযোগের Mobile Number লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। প্রার্থীকে Money receipt নম্বরসহ একটি ফিরতি SMS দেয়া হবে। উল্লেখ্য যে, Money receipt নম্বরটি নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে এবং Money receipt নম্বরটি পাওয়ার পরে অন-লাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।

P.T.O